# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড : | ২ | ৬ | ৮ |

সময়ঃ ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমানঃ ৬০

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

**১.** ▶ ডঃ আহমদ কামাল শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ১৯৭০ সালের সাধারণ নির্বাচন ছিল পূর্ব পাকিস্তানের বাঙালি জনগণের সর্বপ্রথম অধিকার আদায়ের নির্বাচন। এ নির্বাচনে আওয়ামী লীগের বিজয় পাকিস্তানি শাসকগোষ্ঠীর মনোবল ভেঙ্গে দেয়। শেষ পর্যন্ত নানা টালবাহানা করে তারা আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে ক্ষমতা হস্তান্তর করেনি। তা সত্ত্বেও এ নির্বাচনের মাধ্যমে বাঙালি ছয় দফা ও এগার দফা বাস্তবায়নের পথ অনেক সহজ হয়।

ক. ১৯৭০ সালের নির্বাচন কত তারিখে অনুষ্ঠিত হয়? ১

খ. ১৯৭০ সালে নির্বাচনে আওয়ামী লীগের বিজয়ের কারণ ব্যাখ্যা কর। ২

গ. ১৯৭০ সালে নির্বাচনে ফলাফল বানচালের জন্য পাকিস্তানি শাসকগোষ্ঠী কীভাবে ভূমিকা রেখেছিল ড. আহমদ কামালের বক্তব্যের আলোকে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. অনুচ্ছেদে উল্লেখিত নির্বাচনের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ অনেক পুরাতন পত্রিকায় কয়েকটি বীভৎস লাশের ছবি দেখে শিহাব আঁতকে ওঠে। বিস্তারিত লেখা পড়ে সে জানতে পারল, এটি একটি দেশের শত্রুবাহিনী কর্তৃক দেশের স্বনামধন্য ও মেধাবী শ্রেণির মানুষকে হত্যা করা হয়েছে। সেই হত্যার চিত্র পরবর্তীকালে এই ঘটনা পত্রিকায় প্রকাশ করা হয়েছে।

ক. ২৫ মার্চের হত্যাকে কী নাম দেওয়া হয়? ১

খ. রাজাকার বাহিনী কেন গঠিত হয়? ২

গ. উদ্দীপকে পাঠ্যবইয়ের কোন ঘটনার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনার পরবর্তী ইতিহাস বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ রত্না মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের ছাত্রী। সে একদিন তার স্কুল শিক্ষকের কাছে জানতে পারল এই উপমহাদেশে এমনও সাহসী লোকের জন্ম হয়েছিল যিনি অত্যাচারী শাসকদের বিরুদ্ধে বাঁশের কেল্লা স্থাপন করে যুদ্ধ করেছিলেন। সাধারণ মানুষ তথা কৃষকশ্রেণির ওপর যে কোনো ধরনের অত্যাচারের বিরুদ্ধে তিনি ছিলেন সোচ্চার। জোরপূর্বক অলাভজনক এক ধরণের ফসল ফলাতে কৃষকদের বাধ্য করার কারণে তিনি জমিদার ও শাসকশ্রেণির বিরুদেধ ব্যাপক জনমত তৈরি করতে সক্ষম হন।

ক. কত সালে সিপাহি বিপ্লব সংঘটিত হয়েছিল? ১

খ. সিপাহি বিপ্লবের ফলে কোম্পানি শাসনের অবসান হয়-ব্যাখ্যা কর। ২

গ. রত্নার শিক্ষকের দেওয়া তথ্যে ও মনীষীর বিপ্লবী চেতনা প্রকাশিত হয়েছে তার ব্রিটিশ শাসন ও শোষণের বিরুদ্ধে সংগ্রামের ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. এই ধরনের একজন মনীষীর আন্দোলন-সংগ্রাম বাংলার স্বাধীনতা সংগ্রামকে ত্বরান্বিত করেছিল-মূল্যায়ন কর। ৪

৪.▶ 'ক' নামের ক্রিকেটার জাতীয় দলের প্রতিভাধর ওপেনার ও অধিনায়ক। কিন্তু পরপর কয়েকটি খেলায় তার আশানুরূপ ফল করতে না পারা ও সহঅধিনায়কদের অসহযোগিতা, সিদ্ধান্তহীনতা, বিলাসিতা, অসলতা প্রভৃতি তাকে সমালোচিত করে। ফলে সিলেকশন বোর্ড যোগ্যতা বিবেচনা করে একই পজিশনে 'খ' নামের খেলোয়াড়কে দলে অন্তর্ভুক্ত করে। 'খ' অল্প সময়ের মধ্যে দলে শৃঙ্খলা ফিরে আনেন ও দলকে সাফল্যের শীর্ষে নিয়ে যান।

ক. সম্রাট আকবরের সময়ে মীর বকসী কে ছিলেন? ১

খ. "দরবারে নওরতনে' আকবর বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে 'ক' এর জীবনে সম্রাট হুমায়ুনের কোন চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. খ এর চারিত্রিক বৈশিষ্ট্য কী সম্রাট শেরশাহের সাফল্যের একমাত্র কারণ? মতামত দাও। ৪

৫.▶ বিশাল রাজ্য, প্রচণ্ড ক্ষমতা সব কিছু রেখে দ্বিতীয় ব্যারণ এর মৃত্যু হবার সাথে সাথেই রাজ্যে চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। পরবর্তীতে মহান শাসকের নেতৃত্বে এক ধরনের রাজনৈতিক ঐক্য সৃষ্টি হয়। হলেও তাদের মৃত্যুর সাথে সাথে বিশাল রাজ্য ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যায়। এসব রাজ্যের মধ্যে শত্রুতা ও অবিশ্বাস এতটাই প্রকট ছিল যে, কেন্দ্রিয় শাসন বলে আর কিছুই অবশিষ্ট ছিল না। তবে এ অবস্থায় বিভিন্ন সম্প্রদায়ের লোকেরা রাজ্য আক্রমণ করলে তাদের বিরুদ্ধে ক্ষুদ্র রাজশক্তি প্রচণ্ড প্রতিরোধ গড়ে তোলে।

ক. কার নাম অনুসারে ভারতবর্ষ নাম রাখা হয়? ১

খ. ভারতবর্ষ নামকরণ হয় কীভাবে? ২

গ. উদ্দীপকে মুসলিম বিজয়ের প্রাক্কালে ভারতের রাজনৈতিক অবস্থার সাথে কতটুকু সামঞ্জসপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি মুসলিম বিজয়ের প্রাক্কালে ভারতের রাজনৈতিক অবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৬.▶ সিদ্ধিরগঞ্জ একটি সমৃদ্ধশালী গ্রাম। উক্ত গ্রামের উত্তর পশ্চিম দিক হতে ডাকাতদের দল প্রায়ই গ্রামটি আক্রমণ করত। গ্রামবাসী ডাকাতদের হাতে থেকে গ্রামটিকে রক্ষা করার জন্য যুবক ছেলেদের নিয়ে একটি নিরাপত্তা কমিটি গঠন করেন। উক্ত কমিটির ছেলেরা পালাক্রমে গ্রামটি পাহারা দিতে থাকে। উল্লেখ্য, তাদেরকে লাইসেন্সপ্রাপ্ত উত্তম অস্ত্রশস্ত্রে সজ্জিত করা হয়। এই ব্যবস্থা গ্রহণের ফলে গ্রামটি ডাকাতদের হাত থেকে রক্ষা পায়।

ক. বলবনের প্রকৃত নাম কী? ১

খ. কুতুব মিনার কী? ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে বর্ণিত গ্রামবাসীর গৃহীত ব্যবস্থার সাথে তোমার পাঠ্য বইয়ের কোন সুলতানের গৃহীত নীতির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দিল্লি সালতানাত সুদৃঢ় করণের উক্ত সুলতানের কৃতিত্ব বিশ্লেষণ কর। ৪

৭. ▶ শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক পাকিস্তানের লাহোরে এক হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি হিন্দু ও মুসলমানদের ধর্মের বাইরে গিয়ে এক নতুন ধর্মমত প্রচার করেন। হিন্দুধর্ম ও ইসলাম ধর্মের সংমিশ্রণে একেশ্বরবাদী শিখধর্ম অনেকেই গ্রহণ করে। এই ধর্মে গ্রন্থসাহেব নামে একটি ধর্মগ্রন্থ রয়েছে। । পৃথিবীর বিভিন্ন দেশে বর্তমানে অনেক শিখ ধর্মানুসারী বসবাস করছে।

ক. দীন-ই-ইলাহী প্রবর্তন করেন কে? ১

খ. হিমু কীভাবে পানিপথের দ্বিতীয় যুদ্ধে পরাজিত হন? ২

গ. উদ্দীপকে গুরু নানকের সাথে কোন মুঘল সম্রাটের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের ধর্মমত এখনও টিকে থাকলেও উক্ত শাসকের ধর্মমতটি তার মৃত্যুর সাথে সাথেই বিলুপ্ত হয়।" উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮. ▶ আব্বাসীয় খলিফা হারুন-অর-রশিদের রাজত্বকালে সম্রাজ্ঞী যুবাইদার ভূমিকা ছিল উল্লেখযোগ্য। তার বেশভূষা ও সাজ-সজ্জা দেশ-বিদেশে সৌন্দর্যানুরাগীদের দৃষ্টি কেড়ে ছিল। তিনি ছিলেন অনেক ক্ষমতার অধিকারী, প্রশাসনিক কাজে তিনি খলিফাকে সাহায্য করতেন।

ক. তাজমহল কে প্রতিষ্ঠাতা করেন? ১

খ. সমাট আকবর কেন রাজপুত নীতি প্রবর্তন করেন? ২

গ. উদ্দীপকের আব্বাসীয় সম্রাজ্ঞী যুবাইদার সাথে উক্ত মুঘল সম্রাজ্ঞীর তুলনা করো। ৩

ঘ. রাজকার্যে অংশগ্রহণ বিষয়ে সম্রাজ্ঞী যুবাইদার সাথে উক্ত মুঘল সম্রাজ্ঞীর তুলনা কর। ৪

৯. ▶ স্যার ছাত্র ছাত্রীদের দ্বৈতশাসন ব্যবস্থার প্রভাব সম্পর্কে বিশ্লেষণ করতে বললে অনুভব নিম্নলিখিত পয়েন্টের আলোকে বিষয়টি বিশ্লেষণ করে:

১. রাজনৈতিক প্রভাব

২. অর্থনৈতিক প্রভাব

৩. ছিয়াত্তরের মন্বন্তর

ক. ইলিয়াস শাহী বংশের শাসনকাল কত? ১

খ. ইস্ট ইন্ডিয়া কোম্পানির দেওয়ানি লাভের স্বরূপ আলোচনা কর। ২

গ. অনুভবের চার্টের ৩ নং বিষয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ. অনুভবের চার্টে আলোচিত দ্বৈতশাসন ব্যবস্থার ১নং প্রভাব পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য়পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৬ ৮

সময় : ৪০ মিনিট | পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

---

১. মুসলিম বিজয়ের প্রাক্কালে ভারতের প্রধান ধর্মমত কী ছিল?
(ক) বৌদ্ধ (খ) হিন্দু
(গ) জৈন (ঘ) প্রকৃতিবাদ

২. ভারতে ইসলাম ধর্ম প্রধানত কাদের দ্বারা প্রচারিত হয়েছিল?
(ক) সূফী সাধক (খ) বনিক
(গ) ধর্মবেত্তা (ঘ) মুসলিম শাসক

৩. মুহাম্মদ বিন কাসিমের সৈন্য সংখ্যা কত ছিল?
(ক) ৬০০০ (খ) ৯০০০
(গ) ১৫০০০ (ঘ) ১২০০০

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
সোমালীয় জলদস্যুরা প্রায়ই ভারত মহাসাগরের সোমালীয় জলসীমা থেকে জাহাজ ছিনতাই করে লুটতরাজের পাশাপাশি মুক্তিপণ আদায় করছে। সোমালীয়ায় কোনো শক্তিশালী সরকার না থাকায় দস্যু দমন সম্ভব হচ্ছে না।

৪. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে ভারতীয় মুসলিম ইতিহাসের কোন ঘটনার মিল রয়েছে?
(ক) সিন্ধু বিজয় (খ) মুলতান বিজয়
(গ) সোমনাথ বিজয় (ঘ) পাঞ্জাব বিজয়

৫. ইতিহাসের ঐ রাজ্যে জলদস্যুদের দৌরাত্মের মূলে ছিল—
(ক) দুর্বল শাসন (খ) জলদস্যুদের সংখ্যাধিক্য
(গ) রাজনৈতিক বিশৃঙ্খলা (ঘ) বৈদেশিক আক্রমণ

৬. দেবল কী?
(ক) একটি স্থল বন্দর (খ) একটি নদী বন্দর
(গ) একটি পোতাশ্রয় (ঘ) একটি সমুদ্র বন্দর

৭. সুলতান মাহমুদ কত সালে সিংহাসনে আরোহন করেন?
(ক) ৯৯৭ খ্রি: (খ) ৯৯৮ খ্রি:
(গ) ৯৯৯ খ্রি: (ঘ) ১০০০ খ্রি:

৮. তথাকথিত দাস বংশের সময়কাল কত?
(ক) ১২০৬-১২২৬ খ্রি: (খ) ১২০৬-১২৯০ খ্রি:
(গ) ১২৯০-১৩২০ খ্রি: (ঘ) ১৩২০-১৩৯০ খ্রি:

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
সুলতান বায়বার্স একজন ক্রীতদাস হওয়া সত্ত্বেও নিজের যোগ্যতা ও মেধার গুণে মিসরের মামলুক বংশের ইতিহাসে স্থায়ী আসন লাভ করেছেন। বস্তুত: আইন জালুতের যুদ্ধে তার অসামান্য কৃতিত্বে তার সুলতান হওয়ার পথ সুগম করেছিল।

৯. উদ্দীপকের সুলতানের সাথে দিল্লি সালতানাতের কোন সুলতানের জীবনালেখ্যের মিল রয়েছে?
(ক) কুতুব উদ্দিন আইবাক
(খ) ইলতুৎমিশ
(গ) বলবন (ঘ) জামাল উদ্দিন ইয়াকুত

১০. উক্ত সুলতানের বিশেষ কোন কৃতিত্ব তাকে সিংহাসনে অধিষ্ঠিত হতে সাহায্য করেছিল?
(ক) জাঠদের বিদ্রোহ দমন
(খ) মোঙ্গলদের বিদ্রোহ দমন
(গ) আমীর ওমরাদের বিদ্রোহ দমন
(ঘ) খোকারদের বিদ্রোহ দমন

১১. দাস বংশের সর্ব প্রথম সুলতান কে ছিলেন?
(ক) মুহাম্মদ (খ) বুঘরা খান
(গ) কায় খসরু (ঘ) বায়বার্স

১২. 'দিওয়ান-ই-বন্দেগান' কোন সুলতান প্রতিষ্ঠা করে ছিলেন।
(ক) কুতুবউদ্দিন আইবেক (খ) ইলতুৎমিশ
(গ) বলবন (ঘ) ফিরোজ শাহ তুঘলক

১৩. সুলতান ফিরোজ শাহ তুঘলকের শাসন নীতির মূল ভিত্তি ছিল—
(ক) প্রজাকল্যাণ (খ) ধর্মীয় অনুশাসন
(গ) সাম্রাজ্য সুরক্ষা (ঘ) ধর্মনিরপেক্ষতা

১৪. দাস বংশের সর্বশ্রেষ্ঠ সুলতান কে ছিলেন?
(ক) কুতুব উদ্দিন আইবেক (খ) ইলতুৎমিশ
(গ) বলবন (ঘ) নাসির উদ্দিন মাহমুদ

১৫. ভারতের তথাকথিত দাস বংশের যাত্রা শুরু হয় কত সালে?
(ক) ১২০৪ খ্রিষ্টাব্দে (খ) ১২০৬ খ্রিষ্টাব্দে
(গ) ১২০৮ খ্রিষ্টাব্দে (ঘ) ১২১০ খ্রিষ্টাব্দে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
কুবলাই খান চীনে প্রতীকী মুদ্রা হিসেবে কাগজী মুদ্রার প্রচলন করেন। তিনি মুদ্রা জাল করা প্রতিরোধ করে রাষ্ট্রীয় মুদ্রা হিসাবে কাগজী মুদ্রার মান ও গুরুত্ব জনমনে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছিল।

১৬. ভারতের কোন সুলতান কুবলাই খানের অনুরূপ প্রতীক মুদ্রা প্রবর্তন করেন?
(ক) ইলতুৎমিশ (খ) বলবন
(গ) আলাউদ্দিন খলজী (ঘ) মুহাম্মদ বিন তুঘলক

১৭. উক্ত সুলতানের মুদ্রা নীতির ব্যর্থতার কারণ কী ছিল?
i. জাল প্রতিরোধ ব্যর্থতা
ii. জনগণ কর্তৃক প্রতীকী মুদ্রার গুরুত্ব না বুঝা
iii. প্রশাসনিক দুর্বলতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. কোন সুলতানের সময় তৈমুর লং ভারত আক্রমণ করেছিলেন?
(ক) আলাউদ্দিন খলজী
(খ) গিয়াস উদ্দিন তুঘলক
(গ) নাসির উদ্দিন মাহমুদ
(ঘ) খিজির খান

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
লর্ড উইলিয়াম বেন্টিংক ভারতে সতিদাহ প্রথা নিষিদ্ধ করেন। বেন্টিংক হিন্দু ধর্মের কুসংস্কার দূর করার চেয়ে ঈশ্বরচন্দ্র বিদ্যার সাগরের মতো ভারতীয় সুশীল সমাজের ব্যক্তিদের দাবির প্রতি বেশি আগ্রহী ছিলেন।

১৯. বেন্টিংকের সাথে কোন মুঘল সম্রাটের কাজের সাদৃশ্য লক্ষ করা যায়?
(ক) হুমায়ুন (খ) আকবর
(গ) জাহাঙ্গীর (ঘ) আওরঙ্গজেব

teachingbd.com

২০. উক্ত সম্রাটের অনুরূপ কাজের পিছনে লক্ষ্য ছিল—
i. কুসংস্কার দূর করা
ii. সংস্কারমুক্ত ধর্মীয় ব্যবস্থা গড়ে তোলা
iii. কুসংস্কারমুক্ত সমাজ প্রতিষ্ঠা করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

২১. চিরস্থায়ী বন্দোবস্ত কত সালে প্রবর্তন করা হয়?
ⓚ ১৭৮৯ সালে ⓑ ১৭৯০ সালে
ⓖ ১৭৯২ সালে ⓓ ১৭৯৩ সালে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
ইব্রাহিম আগলা খলিফা হারুনুর রশিদের কাছ থেকে বার্ষিক ৪০ হাজার দিনার প্রেরণ করার শর্তে ইফ্রিকিয়ার শাসন ক্ষমতা লাভ করেন।

২২. ভারতের ইতিহাসের কোন ঘটনার সাথে ইব্রাহিম আগলাবের কর্মকান্ডের মিল রয়েছে?
ⓚ মারাঠীদের চৌফা লাভ
ⓑ ইস্ট-ইন্ডিয়া কোম্পানির দিওয়ানী লাভ
ⓖ জগৎ শেঠের মুদ্রা সত্ত্ব লাভ
ⓓ শওকত জং এর দিওয়ানী লাভ

২৩. ১৮৫৭-১৮৫৮ সালের স্বাধীনতা যুদ্ধে ব্যর্থতার মূল কারণ ছিল—
ⓚ ইংরেজদের সামরিক শ্রেষ্ঠত্ব
ⓑ বিদ্রোহের নেতৃত্ব শূণ্যতা
ⓖ অসময় ও প্রস্তুত পূর্বেই ঘটনার
ⓓ দেশীয় রাজাদের অসহযোগিতা সুত্রপাত্র

২৪. ভারতীয় জাতীয় কংগ্রেস কত সালে প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৮৫৭ সালে ⓑ ১৮৮৫ সালে
ⓖ ১৮৮৯ সালে ⓓ ১৯০৫ সালে

২৫. কত সালে বঙ্গ বঙ্গ রদ হয়েছিল?
ⓚ ১৯১৯ সালে ⓑ ১৯১৫ সালে
ⓖ ১৯১১ সালে ⓓ ১৯০৫ সালে

২৬. পাকিস্তানের রাষ্ট্র ভাষা হবে 'উর্দু' এই ঘোষণা কে দিয়েছিলেন?
ⓚ শেরে বাংলা ⓑ খাজা নাজিমউদ্দিন
ⓖ নুরুল আমীন ⓓ জিন্নাহ

২৭. ভাষা আন্দোলন মূলত ছিল একটি—
ⓚ সাংস্কৃতিক আন্দোলন ⓑ রাজনৈতিক আন্দোলন
ⓖ জাতীয় আন্দোলন ⓓ সামাজিক আন্দোলন

২৮. যুক্তফ্রন্ট নির্বাচন কত সালে হয়েছিল?
ⓚ ১৯৩৭ সালে ⓑ ১৯৫২ সালে
ⓖ ১৯৫৪ সালে ⓓ ১৯৬২ সালে

২৯. পাকিস্তানে প্রথম সামরিক শাসন কে জারি করে ছিলেন?
ⓚ ইস্কান্দার মীর্জা ⓑ আইউব খান
ⓖ ইয়াহিয়া খান ⓓ টিক্কা খান

৩০. কত সালে ছয়দফা প্রস্তাব পেশ করা হয়েছিল?
ⓚ ১৯৬৪ সালে ⓑ ১৯৬৫ সালে
ⓖ ১৯৬৬ সালে ⓓ ১৯৭০ সালে

৩১. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে ইতিহাসের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে?
ⓚ ভাষা আন্দোলন ⓑ স্বাধীকার আন্দোলন
ⓖ স্বাধীনতার আন্দোলন ⓓ জাতীয়তাবাদী আন্দোলন

৩২. ইতিহাসে উক্ত ঘটনার মূল উদ্দেশ্য ছিল—
ⓚ মাতৃভাষার মর্যাদা রক্ষা
ⓑ জাতীয়তাবাদী আন্দোলন গড়ে তোলা
ⓖ স্বাধীনতা আন্দোলন গড়ে তোলা
ⓓ স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করা

৩৩. ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের মূল বক্তব্য ছিল—
ⓚ পাকিস্তান বিরোধী আন্দোলন গড়ে তোলা
ⓑ পূর্ব পাকিস্তানের স্বায়ত্ব শাসন লাভ করা
ⓖ পাকিস্তানী শাসকগোষ্ঠীকে সতর্ক করা
ⓓ স্বাধীনতা অর্জনের চূড়ান্ত আন্দোলনে ঝাঁপিয়ে পড়া

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মার্টিন লুথার কিং আমেরিকায় বর্ণবাদ ও বৈষম্য বিরোধী যে ভাষণ দিয়েছিলেন তা কালোদের মুক্তির সনদ হিসাবে স্থান করে নিয়েছে।

৩৪. মার্টিন লুথার কিং এর ভূমিকার সাথে কোন বাঙালী নেতার সাদৃশ্য রয়েছে?
ⓚ সি. আর দাস ⓑ শেরে বাংলা
ⓖ সোহরাওয়ার্দী
ⓓ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৩৫. মার্টিন লুথারের সাথে উক্ত নেতার বৈসাদৃশ্য হলো—
i. তিনি ছিলেন জাতীয় নেতা
ii. তিনি ছিলেন বাঙালী জাতির মুক্তির দূত
iii. তিনি ছিলেন ধর্মীয় নেতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৩৬. বাংলাদেশের মুক্তিযুদ্ধে কয়টি সেক্টর ছিল?
ⓚ ৯টি ⓑ ১০টি
ⓖ ১১টি ⓓ ১২টি

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**
আমেরিকার প্রেসিডেন্ট আব্রাহম লিংকন দাস প্রথা উচ্ছেদের পর গেটিসবার্গে যে বক্তৃতা দিয়েছিলেন তা মানব জাতির ইতিহাসে স্মরণীয় হয়ে আছে।

৩৭. আব্রাহাম লিংকনের ভাষণের সাথে কার ভাষণের তুলনা করা যায়?
ⓚ জননেতা মাওলানা ভাসানীর
ⓑ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
ⓖ শেরে-ই-বাঙলা এ. কে. ফজলুল হকের
ⓓ জেনারেল এম. এ. জি. ওসমানীর

৩৮. বাংলাদেশের সংবিধান কত সালের কত তারিখ থেকে কার্যকর হয়?
ⓚ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর
ⓑ ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর
ⓖ ১৯৭২ সালের ৭ই মার্চ
ⓓ ১৯৭২ সালের ২৬ মার্চ

৩৯. বাংলাদেশের স্বাধীনতা দিবসের তারিখ কোনটি?
ⓚ ৭ই মার্চ ⓑ ১৬ ডিসেম্বর
ⓖ ২৬ মার্চ ⓓ ১০ জানুয়ারি

৪০. বাংলাদেশের মুক্তিযুদ্ধে সর্বোচ্চ মর্যাদাপূর্ণ খেতাব কোনটি?
ⓚ বীর প্রতীক ⓑ বীর বিক্রম
ⓖ বীর উত্তম ⓓ বীর শ্রেষ্ঠ

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓑ | ২ | ⓖ | ৩ | ⓚ | ৪ | ⓚ | ৫ | ⓖ | ৬ | ⓑ | ৭ | ⓚ | ৮ | ⓓ | ৯ | ⓑ | ১০ | ⓖ | ১১ | ⓑ | ১২ | ⓓ | ১৩ | ⓑ | ১৪ | ⓑ | ১৫ | ⓑ | ১৬ | ⓓ | ১৭ | ⓓ | ১৮ | ⓖ | ১৯ | ⓑ | ২০ | ⓓ |
| ২১ | ⓓ | ২২ | ⓑ | ২৩ | ⓚ | ২৪ | ⓑ | ২৫ | ⓖ | ২৬ | ⓓ | ২৭ | ⓚ | ২৮ | ⓖ | ২৯ | ⓚ | ৩০ | ⓖ | ৩১ | ⓚ | ৩২ | ⓓ | ৩৩ | ⓓ | ৩৪ | ⓓ | ৩৫ | ⓚ | ৩৬ | ⓖ | ৩৭ | ⓑ | ৩৮ | ⓚ | ৩৯ | ⓑ | ৪০ | ⓓ |

http://teachingbd.com